



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১, ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি (শোক সংবাদ)

জাবি নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের অধ্যাপক সাবেক উপ-উপাচার্য অধ্যাপক ড. আফসার উদ্দীনের
আকস্মিক প্রয়াণ ॥ উপাচার্যের শোক

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৯ অক্টোবর ২০২১।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দুঃখের সঙ্গে জানাচ্ছেন যে, এ বিশ্ববিদ্যালয়ের নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের অধ্যাপক, সাবেক উপ-উপাচার্য অধ্যাপক ড. আফসার উদ্দীন আজ বেলা একটার দিকে আকস্মিক হার্ট এ্যাটাকে মৃত্যুবরণ করেছেন। ইন্সলিলাহি---রাজিউন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬২ বছর। তিনি আফসার আহমদ নামে সমধিক পরিচিত। জানা যায়, তিনি আজ যশোর থেকে বিমানে ফেরার পথে অসুস্থ্যবোধ করেন। এজন্য তিনি ঢাকায় নেমে উবার গাড়িতে নিজেই জাতীয় হৃদরোগ ইনস্টিটিউটে যান। সেখানে বেলা একটার দিকে আকস্মিক হার্ট এ্যাটাকে তিনি মৃত্যুবরণ করেন।

আজ বাদ এশা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে তাঁর নামাজে জানায়া অনুষ্ঠিত হবে। মানিকগঞ্জের সিঙ্গাইর উপজেলার জামশা গ্রামে তাঁর মরদেহ দাফন করা হবে।

অধ্যাপক ড. আফসার আহমদ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র। তিনি বিশ্ববিদ্যালয়ের সপ্তম ব্যাচের বাংলা বিভাগের ছাত্র ছিলেন। বাংলা বিভাগে শিক্ষক হিসেবে যোগদানের পর নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ খোলা হলে তিনি এই বিভাগে যোগদান করেন। অধ্যাপক ড. আফসার আহমদ নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের চেয়ারম্যান, চারুকলা বিভাগের চেয়ারম্যান, প্রক্টর, কলা ও মানবিকী অনুষদের নির্বাচিত ডিন এবং বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) পদে অধিষ্ঠিত ছিলেন। তিনি বাংলাদেশ টেলিভিশনসহ বিভিন্ন টেলিভিশন চ্যানেলে সাহিত্য ও সংস্কৃতিমূলক অনুষ্ঠান উপস্থাপন করে সুখ্যাতি অর্জন করে ছিলেন।

উপাচার্যের শোক

অধ্যাপক ড. আফসার আহমদের আকস্মিক অকাল প্রয়াণে উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম গভীর শোক ও দুঃখ প্রকাশ প্রকাশ করেছেন। এক শোক বার্তায় উপাচার্য বলেন, অধ্যাপক ড. আফসার আহমদের অকাল প্রয়াণে দেশ, জাতি এবং বিশ্ববিদ্যালয়ের অপূরণীয় ক্ষতি হলো। বিশ্ব নাট্যজগতে বিশেষ করে বাংলাদেশের নাট্যজগতে তাঁর শূন্যতা পূরণ হবার নয়। সাহিত্য, সাংস্কৃতিক জগত তাঁর জ্ঞান এবং প্রাজ্ঞতায় সমৃদ্ধ হয়েছিল। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ডিন এবং পরবর্তী সময়ে উপ-উপাচার্য হিসেবে এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা এবং ভৌত অবকাঠামোগত উন্নয়নে তাঁর অবদান বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে। তিনি কর্মের মধ্যদিয়ে অমর হয়ে থাকবেন। উপাচার্য প্রয়াত অধ্যাপক ড. আফসার আহমদের পরিবারের সদস্যদের প্রতি শোক ও সমবেদনা প্রকাশ করেন।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচ.ডি
পরিচালক (ভারপ্রাপ্ত)

